গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১২৮ তারিখঃ ০১/০৫/২০১৬
সময়ঃ রাত ১১.১৫ টা.

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ০১.০৫.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। **আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ** বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।
সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ (আজ ০১.০৫.২০১৬ তারিখ রাত ০১ টা পর্যন্ত)

যশোর, কুষ্টিয়া, খুলনা, পাবনা, ফরিদপুর, ঢাকা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্রগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০২(দুই) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।
দেশের অন্যত্র পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ পাবনা ও বগুড়া অঞ্চলসহ রংপুর, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু' এক জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ রাজশাহী ও যশোর অঞ্চলের উপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, চাঁদপুর, নোয়াখালী, সৈয়দপুর, বরিশাল ও পটুয়াখালী অঞ্চলসহ রাজশাহী বিভাগের অবশিষ্টাংশ ও খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এ তাপপ্রবাহ পরিস্থিতি অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	চট্রগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.৭	৩৭.৫	৩৬.০	৪০.৬	৩৬.২	**৪০.০**	৩৬.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.০	২৭.০	২০.০	২২.০	**১৯.৫**	২৫.৮	২৭.২

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহীতে ৪০.৬ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল রংপুরে ১৯.৫ ডিগ্রী সে.।

০২। **নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃবন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র,বাপাউবো)**

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৮৫ টি	পানি স্থিতিশীল রয়েছে	০৮ টি
পানি বৃদ্ধি পেয়েছে	২৯ টি	তথ্য পাওয়া যায়নি	২০ টি
পানি হ্রাস পেয়েছে	২৮ টি	বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে	০০ টি

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে সুরমা-কুশিয়ারা সহ উত্তর-পূর্বাঞ্চালের নদী সমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে। আগামী ২৪ ঘন্টায় সুরমা-কুশিয়ারা সহ উত্তর-পূর্বাঞ্চালের নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯ টা পর্যন্ত)**

ষ্টেশন/ জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)	ষ্টেশন/ জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)
কানাইঘাট, সিলেট	১৬.০	সিলেট	৩৩.০

০৪। **অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ ০১.০৫.২০৬ তারিখ সন্ধ্যা ৭-৫৫ টায় ঢাকার কাউরান বাজারের সন্নিকটে জনতা টাওয়ারের পিছনে "হাছিনা মার্কেটে" আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২৬টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে আগুন প্রায় আড়াই ঘন্টা চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। রাত ১১-১৫টায় এই প্রতিবেদন তৈরী সময় পর্যন্ত কোন হতাহতের সংবাদ পাওয়া যায়নি। ক্ষয়ক্ষতি নিরুপণের কাজ চলছে। আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির বিস্তারিত বিবরণ পরবর্তীতে জানানো হবে বলে তিনি জানান।

০৫। **কাল বৈশাখীঃ (তথ্যসূত্রঃ জেলা প্রশাসন)**

১) **ঢাকাঃ জেলা** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। **ঝড়ে জেলার দোহার ও নবাবগঞ্জে গাছের ডাল ভেংগে চার জন লোক আহত হওয়ার সংবাদ পাওয়া গিয়েছে।** এছাড়া বেশকিছু গাছপালা ও কাঁচা ঘরবাড়ির ক্ষয়ক্ষতি হয়েছে। বিস্তারিত ক্ষয়ক্ষতির বিবরণ পরবর্তীতে প্রেরণ করা হবে।

২) **চুয়াডাংগাঃ** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার দামূরহুদা উপজেলার উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। **ঝড়ে উক্ত উপজেলার পাড়কৃষ্ণ ইউনিয়নের ছয়ঘড়িয়া গ্রামে গাছের ডাল ভেংগে একজন লোক মারা যায়** ও একজন লোক আহত হয়। অন্য কোন ক্ষক্ষতির তথ্য পাওয়া যায়নি।

৩) **নাটোরঃ জেলা** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে জানা যায়, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় বাঘাতিপাড়া উপজেলার বৃষ্টি ও বজ্রবৃষ্টিসহ ঝড়ো হাওয়া বয়ে যায়। এতে বেশকিছু গাছপালা ও কাঁচা ঘরবাড়ীর ক্ষয়ক্ষতি হয়েছে। **এছাড়া ঝড়-বুষ্টির সময় বজ্রপাতে একজন লোকের মৃত্যু হয়েছে বলেও নিশ্চিত করা হয়েছে।**

৪) **নরসিংদীঃ জেলা** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে জানা যায়, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার সদর উপজেলাসহ আশেপাশের কয়েকটি উপজেলায় বৃষ্টি ও বজ্রবৃষ্টি সহ ঝড়ো হাওয়া বয়ে যায়। ঝড়ে বেশকিছু গাছপালা ও কাঁচা ঘরবাড়ীর ক্ষয়ক্ষতি হয়েছে। **এছাড়া ঝড়ের সময় সদর উপজেলায় বিলবোর্ড ভেংগে-পড়ে একজন লোকের মৃত্যু হয়েছে।**

৫) **ব্রাক্ষণবাড়িয়াঃ** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার সব কয়টি উপজেলার উপর দিয়ে উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। **ঝড়ে কসবা উপজেলায় গাছ উপড়ে পরে একজন লোক মারা যাওয়ার সংবাদ জানা গেছে।** অন্য কোন ক্ষক্ষতির তথ্য পাওয়া যায়নি।

৬) **কুমিল্লাঃ** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার বুড়িচং উপজেলাসহ কতক উপজেলার উপর দিয়ে উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। **ঝড়ের সময় বুড়িচং উপজেলায় ময়নামতি সাহেববাজার এলাকায় গাছের ডাল ভেংগে পরে একজন লোক মারা যাওয়ার সংবাদ জানা গেছে।** অন্য কোন ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি।

৭) **মুন্সীগঞ্জঃ** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার সদর, গজারিয়া উপজেলাসহ পাশে-পাশের উপজেলার উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। ঝড়ে বেশকিছু গাছপালা ও কাঁচা ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়। গজারিয়া উপজেলায় গাছ উপড়ে পরে ঢাকা-চট্রগ্রাম মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরবর্তীতে গাছ সরানো হলে যান চলাচল স্বাভাবিক হয়। অন্য কোন ক্ষক্ষতির তথ্য পাওয়া যায়নি।

৮) **চাঁদপুরঃ** ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় জেলার সদর, ফরিদগঞ্জ উপজেলাসহ পাশে-পাশের এলাকার উপর দিয়ে কালবৈশাখী ঝড় বয়ে যায়। ঝড়ে বেশকিছু গাছপালা ও কাঁচা ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হয়। **ঝড়ের সময় ফরিদগঞ্জ উপজেলায় গাছের ডাল ভেংগে একজন মহিলার মৃত্যু হয়।** অন্য কোন ক্ষক্ষতির তথ্য পাওয়া যায়নি।

. **আজ ০১.০৫.২০১৬ তারিখ সন্ধ্যায় কালবৈশাখী ঝড়ের সময় গাছাচাপা পড়ে, বিলবোর্ড ভেংগে এবং বজ্রপাতে মোট ৬ (ছয়) ব্যাক্তির মৃত্যুর খবর পাওয়া গিয়েছে (চুয়াডাংগা-১ জন, নাটোর-১, নরসিংদী-১, বি,বাড়িয়া-১, কুমিল্লা-১ ও চাঁদপুর-১ জন) এবং ঢাকার দোহার ও নবাবগঞ্জে ৪ জন আহত হয়েছে।

* দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrcc.dmrd@gmail.com

স্বাক্ষরিত/-
ভারপ্রাপ্ত কর্মকর্তা
এনডিআরসিসি
ফোনঃ ৯৫৪০৪৫৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।